অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

স্টেট জুড়ে অভিবাসীদের সহায়তা করার জন্য 19 জন পূর্ণকালীন অভিবাসন অ্যাটর্নি নির্বাচনের বিষয় গভর্নর কুওমো ঘোষণা করেন

স্টেটের প্রতিটি অঞ্চলে অভিবাসীদের বিনামূল্যে সেবা প্রদানের জন্য অফিস ফর নিউ আমেরিকানস (Office for New Americans, ONA) অপরচুনিটি সেন্টারের সাথে যুক্ত হয়ে নিবেদিত আইনি পরামর্শদাতাগণ থাকবেন

স্টেটের সব অঞ্চলে অভিবাসীদের বিনামূল্যে সেবা ও প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 19 জন অভিজ্ঞ, নিবেদিত অভিবাসন অ্যাটর্নিকে পূর্ণকালীন আইনি পরামর্শক হিসেবে নির্বাচনের ঘোষণা দিয়েছেন। এই অ্যাটর্নিবৃন্দ স্টেট জুড়ে গভর্নর কুওমোর অফিস ফর নিউ আমেরিকানস এর অপরচুনিটি সেন্টারগুলোর সাথে যুক্ত হয়ে কাজ করবেন।

"যখন ফেডারেল প্রশাসন একটি দেয়াল নির্মাণ ও দেশ জুড়ে অভিবাসীদের অধিকার খর্ব করার চেষ্টা করছে, তখন এসব নিউ ইয়র্কবাসীগণ যাতে করে তাদের অধিকার ও আইনি বিকল্প সম্পর্কে নিশ্চিত হন সে জন্য নিউ ইয়র্ক সহায়তা ও সুরক্ষাকে অগ্রাধিকার দিচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "স্টেট জুড়ে যেসব অভিবাসী সহায়তা অন্বেষণ করছেন তাদের জন্য এই অ্যাটর্নিবৃন্দ ও তাদের মূল সংস্থা একটি বিশ্বস্ত উৎস হিসেবে বিবেচিত হবে।"

"অগণিত রাষ্ট্রের নাগরিক অধিকার পাওয়ার (naturalization) অনুষ্ঠানে অংশ নিয়ে আমি নিজের চোখে দেখেছি কীভাবে অফিস ফর নিউ আমেরিকানস মানুষদের প্রতিবন্ধকতা পার হতে সাহায্য করে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের নবীন আমেরিকানরা যে সংগ্রামের সম্মুখীন হোন তাতে স্টেটব্যাপী অপরচুনিটি সেন্টারগুলোর পূর্ণকালীন অভিবাসন অ্যাটর্নিগণ সহায়তা করবেন এবং আমাদের কমিউনিটিতে অধিকার ও সুরক্ষা নিশ্চিত করতে তাদের যে সেবার প্রয়োজন তা অ্যাটর্নিগণ প্রদান করবেন। যেখানে ফেডারেল সরকার অভিবাসী শিশু ও পরিবার থেকে মুখ ফিরিয়ে নিয়েছে, সেখানে আমরা আমাদের সংস্কৃতি এবং বৈচিত্র্যকে আলিঙ্গন করা চালিয়ে যাচ্ছি যা আমাদের এম্পায়ার স্টেট হিসেবে গড়ে তোলে।"

"এ নতুন আইনি পরামর্শদাতাদের সাথে কাজ করতে এবং স্টেটব্যাপী অগণিত পরিবারকে সাহায্য করতে অফিস ফর নিউ আমেরিকানস অধীর হয়ে আছে", **স্টেট সেক্রেটারি রোসানা রোসাদো বলেন।** "গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটে অভিবাসীদের স্বাগত জানাতে আমরা একটি মডেল তৈরি করেছি যা পুরো দেশ জুড়ে অনুকরণীয় হওয়া উচিত।"

অফিস ফর নিউ আমেরিকানস (ONA) অপরচুনিটি সেন্টারের সাথে যুক্ত হয়ে স্টেটের প্রতিটি অঞ্চলে নির্বাচিতরা নিবেদিত আইনি পরামর্শ প্রদান করবেন:

- ক্যাপিটাল অঞ্চল – উইমেন'স বার অ্যাসোসিয়েশন লিগ্যাল প্রজেক্ট, ইনকর্পোরেটেড (Women's Bar Association Legal Project, Inc.) (2 জন অ্যাটর্নি)
- নর্থ কান্ট্রি – ফ্র্যাংক এইচ. হিচকক লিগ্যাল এইড সোসাইটি (Frank H. Hiscock Legal Aid Society) (2 জন অ্যাটর্নি)
- মোহাওক ভ্যালি - ফ্র্যাংক এইচ. হিচকক লিগ্যাল এইড সোসাইটি (2 জন অ্যাটর্নি)
- সেন্ট্রাল নিউ ইয়র্ক - ফ্র্যাংক এইচ. হিচকক লিগ্যাল এইড সোসাইটি (2 জন অ্যাটর্নি)
- সাউদার্ন টিয়ার - জার্নি'স এন্ড রিফিউজি সার্ভিসেস (Journey's End Refugee Services) (2 জন অ্যাটর্নি)
- ফিঙ্গার লেকস - জার্নি'স এন্ড রিফিউজি সার্ভিসেস (2 জন অ্যাটর্নি)
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক - জার্নি'স এন্ড রিফিউজি সার্ভিসেস (2 জন অ্যাটর্নি)
- হাডসন ভ্যালি - ক্যাথলিক চ্যারিটিস কমিউনিটি সার্ভিসেস (Catholic Charities Community Services), আর্চডায়োসিস অব নিউ ইয়র্ক (2 জন অ্যাটর্নি)
- লং আইল্যান্ড - নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্ট্যান্স গ্রুপ (New York Legal Assistance Group, NYLAG) (1 জন অ্যাটর্নি)
- নিউ ইয়র্ক সিটি - নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্ট্যান্স গ্রুপ (NYLAG) (2 জন অ্যাটর্নি)

এই নির্বাচনটি ডিসেম্বর মাসে জারি করা অভিবাসীদের সেবা প্রদানকারীদের আবেদনের অনুরোধে (Request for Application, RFA) সহায়তা করার জন্য ONA স্টেটব্যাপী আইনি প্রযুক্তিগত সহায়তা অনুরোধ এর মাধ্যমে করা হয়েছে ।

ONA আইনি পরামর্শদাতারা তাদের কমিউনিটির অভিবাসীদের চাহিদা পূরণের জন্য তাদের অঞ্চলে ভ্রমণ করবেন এবং প্রতিটি অঞ্চলের মধ্যে কমিউনিটি-ভিত্তিক সংস্থাসমূহের আইনি ক্লিনিকে সেবা পাওয়া যাবে। যেসব গ্রাহকের সরাসরি প্রতিনিধিত্ব দরকার তারা সেটি পাবে এবং ONA আইনি পরামর্শদাতারা আইনি সেমিনার ও কর্মশালার আয়োজন করবে। অনুদান প্রাপ্তরা ইংরেজি ভাষা বলতে পারে না এমন নতুন আমেরিকান মক্কেলদের অনুবাদ ও ব্যাখ্যা প্রদান করবে।

ONA আইনি পরামর্শকরা অভিবাসন সম্পর্কিত মামলায় অভিবাসীদের সরাসরি প্রতিনিধিত্ব করবেন একটি "সার্বজনীন প্রতিনিধিত্ব" মডেল ব্যবহার করবেন যা নিউ ইয়র্ক স্টেটের যেকোনো যোগ্য অভিবাসীদের আইনি প্রতিনিধিত্ব প্রদান করবে।

আপস্টেট অঞ্চলের প্রত্যেক ONA আইনি পরামর্শদাতা একই সময়ে 15 থেকে 20 জন গ্রাহকের মামলার প্রতিনিধিত্ব করবেন। ডাউনস্টেট ONA আইনি পরামর্শদাতা নির্দিষ্ট অঞ্চলভেদে 12 থেকে

20টি মামলার প্রতিনিধিত্ব করবেন। ONA আইনি পরামর্শদাতা কর্তৃক প্রদত্ত অভিবাসন আইনি সেবার মধ্যে নিম্নলিখিত মামলা ও সেবা অন্তর্গত থাকবে, তবে সীমাবদ্ধ থাকবে না:

- শৈশবকালে আগমনের জন্য বিলম্বিত পদক্ষেপ (Deferred Action for Childhood Arrivals)
- আশ্রয়কেন্দ্র
- U ভিসা
- T ভিসা
- অস্থায়ী সুরক্ষিত অবস্থা
- বিশেষ অভিবাসী কিশোর অবস্থা
- নারীর প্রতি প্রতিহিংসা আইন
- কার্যধারা অপসারণ, যেগুলো বর্তমানে আটকানো হয়েছে বা হয়নি, যাদের পূর্বেই অপসারণের নির্দেশ ছিল সেগুলোসহ
- কাজের অনুমতি
- বন্ড শুনানি
- অভিবাসন বোর্ড আপিল
- ফেডারেল মামলা
- অগ্রিম প্যারোল
- পরিবারের পুনর্মিলন
- পরিবার-ভিত্তিক অভিবাসন
- রাষ্ট্রের নাগরিক অধিকার পাওয়ার জটিল প্রক্রিয়া
- পরিবারের অভিভাবকত্ব

সকল সেবা মক্কেলকে বিনামূল্যে প্রদান করা হবে।

পুয়ের্তো রিকান / হিস্পানিক টাস্ক ফোর্স (Puerto Rican/Hispanic Task Force) এর সভাপতি, অ্যাসেম্বলিওম্যান মারিতজা দেভিলা বলেন, "এ সকল অ্যাটর্নিগণ তারা তাদের কমিউনিটিকে চিনেন এবং অগণিত নিউ ইয়র্কবাসীদের জন্য তারা হচ্ছে বিশ্বস্ত কন্ঠ। স্টেটব্যাপী এই অসাধারণ কাজের জন্য আমি গভর্নর কুওমো এর অফিস ফর নিউ আমেরিকানসকে সাধুবাদ জানাই এবং অভিবাসীদের সহায়তা করতে আমাদের অব্যাহত প্রতিশ্রুতির পথে এই নিবেদিতপ্রাণ অ্যাটর্নিদের স্বাগত জানাই।"

ব্ল্যাক, পুয়ের্তো রিকান, হিস্পানিক অ্যান্ড এশিয়ান লেজিসলেটিভ ককাস এর সহ-সভাপতি, সিনেটর লুইস সেপুলভেদা বলেন, "গভর্নর কুওমো এর অফিস ফর নিউ আমেরিকানস স্টেটব্যাপী কমিউনিটিসমূহে শক্তিশালী ভিত্তি প্রতিষ্ঠা করেছে, যেখানে কোন ভয়-ভীতি ছাড়াই প্রকৃত সাহায্য পাবেন বলে আমাদের অভিবাসী প্রতিবেশীরা জানেন। ONA অপরচুনিটি সেন্টারের সাথে যুক্ত হয়ে আইনি সেবা প্রদান করার জন্য এই চমৎকার সেবা প্রদানকারী নির্বাচন এটাই প্রমাণ করে যে নিউ ইয়র্ক স্টেটের সকল অধিবাসীর জীবন উন্নত করতে নিয়োজিত।"

স্টেট অ্যাসেম্বলির নিউ আমেরিকানস টাস্কফোর্সের সভাপতি, অ্যাসেম্বলি সদস্য ভিক্টর এম. পিকার্ডো বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্রের অভিবাসীরা প্রায়শই বৈধ আইনি সহায়তার উৎস ও নির্দেশিকার অভাবে থাকেন। এই উনিশজন আইনজীবী নিয়োগ এবং তারা পুরো নিউ ইয়র্ক স্টেট জুড়ে একটি বিস্তৃত তালিকার আইনি সেবা বিনামূল্যে প্রদান করবে তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর কুওমো ও দ্য অফিস ফর নিউ আমেরিকানসকে ধন্যবাদ জানাতে চাই। নিউ ইয়র্ক স্টেটকে অভিবাসীদের জন্য একটি নিরাপদ আশ্রয়স্থল হিসেবে তৈরি করা অব্যাহত রাখতে আরও নতুন পন্থা অন্বেষণে আমি গভর্নর কুওমো ও দ্য অফিস ফর নিউ আমেরিকানস এর সাথে কাজ করার প্রত্যাশায় থাকব।"

উইমেন'স বার অ্যাসোসিয়েশন লিগ্যাল প্রজেক্ট ইনকর্পোরেট (Women's Bar Association Legal Project, Inc.) এর নির্বাহী পরিচালক লিসা ফ্রিস্ক বলেন, "স্টেট জুড়ে অভিবাসীদের অতিরিক্ত আইনি সহায়তা প্রদানের প্রয়োজনীয়তা উপলব্ধি করার জন্য আমরা গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞ এবং জটিল আইনি সমস্যাসমূহ সমাধানের জন্য এসব সংস্থানের সম্প্রসারণ করতে এবং যারা এই দেশে নিরাপদ ও সুরক্ষিত জীবন খুঁজছেন তাদের জন্য নিউ ইয়র্ককে একটি স্বাগতপূর্ণ স্থান হিসেবে তৈরি করা অব্যাহত রাখতে আমাদের কমিউনিটি অংশীদারদের সাথে কাজ করতে আমরা উন্মুখ হয়ে আছি।"

ফ্র্যাংক এইচ. হিচকক লিগ্যাল এইড সোসাইটির নির্বাহী পরিচালক, সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা লিন্ডা গেহরন বলেন, "নিউ ইয়র্ক স্টেট অফিস অব নিউ আমেরিকানস এর অর্থায়ন গ্রহণ করে আমরা আনন্দিত, আপস্টেট নিউ ইয়র্কে যারা জরুরি এবং শোচনীয় আইনি পরিণতিতে রয়েছেন এবং আমাদের সাহায্যের প্রয়োজন আছে এমন হাজারটি পরিবারকে হিচকক লিগ্যাল এইড সোসাইটির পক্ষ থেকে সহায়তা করার এই অর্থায়ন সম্ভব করবে। যে সব ব্যক্তি তাদের জীবনের সবচেয়ে কঠিনতম সময় পার করছে, তারা এই 'Rapid Response (দ্রুত সাড়াদান)' তহবিলের কারণে এখন সুরক্ষিত জীবন যাপনের জন্য বিশেষজ্ঞ আইনি সহায়তা ও আমাদের কমিউনিটিতে ফলপ্রসূ জীবন লাভ করবে।"

জার্নি'স এন্ড রিফিউজি সার্ভিসেস ইনকর্পোরেটেড (Journey's End Refugee Services, Inc.) এর নির্বাহী পরিচালক, ক্যারেন এম. অ্যান্ডোলিনা স্কট বলেন, "অভিবাসী ও অভিবাসী কমিউনিটিকে মূল্যবান হিসেবে মনে করা ও আমাদের বৃহৎ স্টেটে তাদের অবদান এবং সেই সাথে এসব কমিউনিটিসমূহ ক্রমাগত যেসব অভিবাসনগত আইনি চাহিদার মুখোমুখি হচ্ছে সেসব কিছুকে উপলব্ধি করার জন্য আমরা গভর্নর কুওমো ও সকল নিউ ইয়র্কবাসীকে ধন্যবাদ জানাই। যেসব অভিবাসী কমিউনিটিসমূহ পূর্বে অভিবাসনগত আইনি সহায়তা প্রাপ্ত হননি তাদেরকে ONA আইনি পরামর্শ কর্মসূচি সম্প্রসারণের মাধ্যমে আমরা সাহায্য করতে সক্ষম হবো। এই জটিল কাজে অফিস ফর নিউ আমেরিকানস এর সাথে সহায়তা অব্যাহত রাখতে পেরে আমরা গর্বিত।"

আর্চডায়োসিস অব নিউ ইয়র্ক (Archdiocese of New York) এর ক্যাথলিক চ্যারিটিস কমিউনিটি সার্ভিসেস এর বোর্ড সভাপতি মনসিগনর কেভিন সুলিভান বলেন, "হাডসন ভ্যালিতে অভিবাসন আইনি সেবাসমূহের ক্রমবর্ধমান চাহিদার সময়ে, এই অঞ্চলে ক্ষমতা সম্প্রসারিত করা জটিলতাপূর্ণ। হাডসন ভ্যালির অপরচুনিটি সেন্টারে দুইজন অ্যাটর্নির যোগদানকে আর্চডায়োসিস অব নিউ ইয়র্ক

এর ক্যাথলিক চ্যারিটিস কমিউনিটি সার্ভিসেস এর বোর্ড সভাপতি স্বাগত জানায় এবং বিনামূল্যে, গুণমান অভিবাসন আইনি সেবার প্রাপ্যতা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকানস এর সাথে কাজ করতে আমরা প্রত্যাশা জ্ঞাপন করছি।"

নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্ট্যান্স গ্রুপের ইমিগ্রেশন প্রটেকশন ইউনিটের সহযোগী পরিচালক মেলিসা চুয়া বলেন, "অভিবাসী আমাদের প্রতিবেশী, আমাদের বন্ধু এবং আমাদের পরিবার। নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্ট্যান্স গ্রুপের কাছে তারা আমাদের গ্রাহকও। এই মুহূর্তে, মার্কিন যুক্তরাষ্ট্রে আমাদের অভিবাসন প্রক্রিয়ার অনিশ্চয়তা এর চেয়ে বেশি হতে পারে না— স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান, শিক্ষার প্রাপ্যতা এবং এমনকি পরিবার ও কমিউনিটির সাথে মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থানের অধিকারটি অনিশ্চিত। এই কারণে NYLAG অ্যাটর্নিগণ স্থানীয় কমিউনিটির সম্মুখভাগে রয়েছেন, অভিবাসীদের আইনি লড়াইয়ে অ্যাটর্নি তাদের পাশেই দাঁড়িয়ে আছেন। আমরা তাদের জানাতে চাই যে তারা একা নয়, তাদের জন্য সাহায্য রয়েছে এবং নাগরিকত্ব অর্জনের পথ রয়েছে। অভিবাসীগণ, যারা আমাদের অর্থনীতিতে অবদান রাখতে চান এবং নিউ ইয়র্ক পরিবারে যোগ দিতে ইচ্ছুক, তাদেরকে সহায়তা করার এই গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখতে তহবিল প্রদানের জন্য আমরা গভর্নর অ্যান্ড্রু কুওমো ও দ্য অফিস ফর নিউ আমেরিকানস এর প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

অফিস অব নিউ আমেরিকানস এবং লিবার্টি ডিফেন্স প্রজেক্টের (Liberty Defense Project, LDP) ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকানস স্থাপিত হয়েছিল ছয় বছর আগে এবং এটি ছিল দেশের প্রথম সংবিধিবদ্ধভাবে স্থাপিত অভিবাসন সেবা অফিস। পুরো স্টেটে ONA এর অপরচুনিটি সেন্টার রয়েছে যা নিউ ইয়র্কের নতুন আমেরিকানদের আইনি সেবা ও সহায়তা প্রদান করার জন্য বিভিন্ন কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয়। এই সাইটগুলি হলো অভিবাসীদের আপন করে নেওয়ার জন্য এবং তাদের স্টেটে প্রয়োজনীয় সবকিছু প্রদানের জন্য কমিউনিটির কেন্দ্রবিন্দু।

2017 সালে গভর্নর কুওমো প্রথম লিবার্টি ডিফেন্স প্রজেক্ট শুরু করেন যা ছিল দেশের প্রথম স্টেটের নেতৃত্বাধীন সরকারি-বেসরকারি প্রকল্প অবস্থা নির্বিশেষে সকল অভিবাসীদের আইনি সেবা প্রদানের জন্য। প্রকল্পটির প্রশাসনিক দায়িত্বে আছে ONA এবং এটি আইন ফার্ম, আইন সহায়ক, অ্যাডভোকেসি প্রতিষ্ঠান, প্রধান প্রধান কলেজ ও বিশ্ববিদ্যালয় এবং বার অ্যাসোসিয়েশনের সাথে অংশীদারিত্বে। LDP প্রদান করবে:

- নিউ ইয়র্ক স্টেটজুড়ে অভিবাসীদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ ও স্ক্রিনিং।
- ডিপোর্টেশন প্রক্রিয়ায় এবং অন্যান্য মামলায় সরাসরি অভিবাসীদের প্রতিনিধিত্ব করা।
- অন্যান্য অভিবাসন সংক্রান্ত আইনি সেবা, বিশেষ করে জটিল ব্যাপারে সহায়তা করা; এবং
- অভিবাসী এবং কমিউনিটির জন্য আপনার অধিকার জানুন (Know Your Rights) প্রশিক্ষণ।

যদি কোনো অভিবাসীর বিনামূল্যে আইনি সহায়তা প্রয়োজন হয় তাহলে তাদের নতুন আমেরিকানদের হটলাইন 1-800-566-7636 এ ফোন করতে বলা হচ্ছে। ফোনকলের সব তথ্য গোপনীয়। 200টির বেশি ভাষায় সাহায্য পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন